

গণগ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নথি নং-৫৯.০০.০০০০.১১৫.০১৪.০১৮.২০১০/২১৮


তারিখঃ ১৪/১১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সেন্ট্রাল স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে গত ১২/১১/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সেন্ট্রাল স্টিয়ারিং কমিটির আহ্বায়ক মুখ্য সচিব,মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উক্ত কমিটির সদস্য হিসেবে অংশগ্রহণ করেন। বর্ণিত সভায় সভাপতি মহোদয় গুচ্ছগ্রাম ও আশ্রয়ণ প্রকল্পে উপকারভোগীদেরকে বিশেষ গুরুত্ব দিয়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, বাস্তবায়িত গুচ্ছগ্রাম ও আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারীদের মাঝে পরিবার পরিকল্পনা সেবা জোরদার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ কার্যবিবরণীর (১০ নং ক্রমিকের সিদ্ধান্ত)।


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০৮৬৪

কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা। নির্দেশনাটি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
- ২। বিভাগীয় পরিচালক বিভাগ,.....।
- ৩। উপ প্রকল্প পরিচালক (উপ-সচিব),প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্প, তেজগাঁও, ঢাকা।
- ৪। উপ-পরিচালক..... জেলা,.....।

জ্ঞাতার্থেঃ

- ১। মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলে।)
- ৪। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পক ও আইন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮	সমবায় সমিতি ও ঋণ কার্যক্রম	সমবায় অধিদপ্তরের প্রতিনিধি বলেন আশ্রয়ণ প্রকল্পের সমবায় সমিতি ও ঋণ কার্যক্রমের বিষয়টি সমবায় কর্মকর্তারা বাস্তবায়ন করে থাকেন। আশ্রয়ণ প্রকল্পগুলো উপজেলা সদর হতে বেশ দূরে অবস্থিত হওয়ায় নিয়মিত তদারকী করা কষ্টসাধ্য হয়। তদারকী নিয়মিত করার জন্য তিনি উপজেলা সমবায় কর্মকর্তাদের জন্য মোটরসাইকেল প্রদানের অনুরোধ করেন। তিনি প্রকল্পের উপকারভোগীদের দক্ষতা উন্নয়নের জন্য পেশাভিত্তিক নিবিড় প্রশিক্ষণ নিশ্চিত করার অনুরোধ করেন। সভাপতি বলেন আশ্রয়ণ প্রকল্পের সমবায় সমিতি ও ঋণ কার্যক্রম পরিচালনায় গতি আনার লক্ষ্যে সমবায় কর্মকর্তাদের জন্য মোটরসাইকেল প্রদানের বিষয়টি পরীক্ষা-নীরিক্ষা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। প্রকল্পের উপকারভোগীদের দক্ষতা উন্নয়নের জন্য পেশাভিত্তিক নিবিড় প্রশিক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে খসড়া ডিপিপি-তে দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্পকে নির্দেশ প্রদান করেন।	(ক) আশ্রয়ণ প্রকল্পের সমবায় সমিতি ও ঋণ কার্যক্রম পরিচালনায় গতি আনার লক্ষ্যে সমবায় কর্মকর্তাদের জন্য মোটরসাইকেল প্রদানের বিষয়টি পরীক্ষা-নীরিক্ষা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। (খ) প্রকল্পের সমিতিগুলোর কার্যক্রম, সঞ্চয় বৃদ্ধি ও ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে।
৯	বৃক্ষরোপন	পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, আশ্রয়ণ প্রকল্প হতে বৃক্ষের চারা রোপন বাবদ যে বরাদ্দ প্রদান করা হয় তা বর্তমান মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি চারার মূল্য বৃদ্ধির প্রস্তাব করেন। সভাপতি এ সংক্রান্ত প্রতিটি চারার বর্তমান মূল্যভিত্তিক প্রস্তাব আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেন। প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আশ্রয়ণ প্রকল্পের প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।	আশ্রয়ণ প্রকল্পে রোপিত প্রতিটি চারার বর্তমান মূল্যভিত্তিক প্রস্তাব বনবিভাগ আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবে এবং সে অনুযায়ী আশ্রয়ণ প্রকল্প প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে তা ডিপিপি-তে অন্তর্ভুক্ত করবে।
১০	স্বাস্থ্য পরিবার-পরিকল্পনা ও	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন আশ্রয়ণ প্রকল্প হতে বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্পের তালিকা প্রদান করলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে তালিকাভুক্ত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করা হবে। প্রয়োজনানুযায়ী বড় আশ্রয়ণ প্রকল্পগুলোতে স্যাটেলাইট ক্লিনিক স্থাপন করে উপকারভোগীদের স্বাস্থ্য সুবিধা নিশ্চিত করা হবে। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্পকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।	আশ্রয়ণ প্রকল্প হতে বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্পের তালিকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে প্রদান করতে হবে।
১১	প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর	প্রকল্প পরিচালক বলেন, গত ০৭/০৫/২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত সেন্ট্রাল স্টয়ারিং কমিটির সভায় 'আশ্রয়ণ প্রকল্পের বর্তমান জনবলসহ প্রকল্পটিকে স্থায়ী কাঠামোভুক্ত করার বিষয়ে মহাপরিচালক (প্রশাসন) এর নেতৃত্বে ৬ সদস্য বিশিষ্ট একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি করা হয়। কমিটি সভা করে ধারণাপত্র উপস্থাপন করে। এ বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে। বিষয়টি মানবিক বিধায় সভাপতি এ সংক্রান্ত বিষয়ে দ্রুততম সময়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্পকে নির্দেশ প্রদান করেন।	প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে দ্রুততম সময়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
১২	আশ্রয়ণ প্রকল্পের প্রচার ও প্রকাশনা	প্রকল্প পরিচালক সভায় জানান আশ্রয়ণ-২ প্রকল্পটি সরকারের দারিদ্র দূরীকরণ কর্মসূচি হিসেবে গণমাধ্যমে প্রচারণা প্রয়োজন। প্রস্তাবিত ডিপিপিতে এ বিষয়ে বরাদ্দ রাখা হয়েছে। ডিপিপি অনুমোদিত হলে প্রচারণা কার্যক্রম জোরদার করা হবে। সভাপতি বলেন আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম আকর্ষণীয় বুকলেট/লিফলেট/স্টিকার এর মাধ্যমে	আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম ও সফলতা দেশে ও বিদেশে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।